

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা



জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী ত্রৈমাসিক (আগস্ট-ডিসেম্বর ২০১৯) সেবা প্রদান প্রতিশ্রুতি
হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ জিল্লুর রহমান চৌধুরী যুগ্মসচিব
সভার তারিখ	৩০.০১.২০২০
সভার সময়	১১.০০
স্থান	যুগ্মসচিব(প্রশাসন) মহোদয়ের কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে আইসিটি শাখার প্রোগ্রামার জনাব মোঃ মফরুল আলম জানান, গত ০৭.১০.২০১৯ তারিখে ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০১৯) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। সভাপতি গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়ার প্রেক্ষিতে প্রোগ্রামার জানান, গত সভায় তিনটি সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত-১: অনুযায়ী এ বিভাগের সকল শাখা/অধিশাখা সেবা প্রতিশ্রুতি অনুযায়ী কার্যক্রম পরিচালনা করছে, সিদ্ধান্ত-২: অনুযায়ী হার্ডফাইল/অনলাইনে প্রাপ্ত সকল অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি করা হচ্ছে এবং সিদ্ধান্ত-৩ অনুযায়ী প্রাতিষ্ঠানিক সেবার ১০ নম্বর ক্রমিকের সেবাটি বাজেট শাখায় স্থানান্তর করা হয়েছে। সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা যথাসময়ে প্রদানের জন্য উপস্থিত সকলকে আরো তৎপর হওয়ার পরামর্শ দেন। সভায় উপসচিব (উন্নয়ন-২) উল্লেখ করেন যে, সিটিজেন চার্টারে উল্লিখিত সেবাগুলো শাখা অনুযায়ী হালনাগাদ করা প্রয়োজন। সভাপতি এ বিভাগের সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী সকল সেবা হালনাগাদ করার নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনার পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- সকল শাখা/অধিশাখা সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করবেন;
- Five Tools (Citizen's Charter, Grievance Redress System, Right to Information (RTI), National Integrity System(NIS), Annual Performance Agreement(APA)) সম্পর্কে অবহিত করার জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজনের জন্য বাজেট অধিশাখাকে অবহিত করতে হবে এবং
- সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী কর্মকর্তাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করতে হবে।

মোঃ জিল্লুর রহমান চৌধুরী
যুগ্মসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) উপসচিব, বাজেট অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) উপসচিব, অপারেশন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার